

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর  
২৩-২৪, বিএফডিসি ভবন  
কারওয়ান বাজার, ঢাকা।

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের শুদ্ধাচার সম্পর্কিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ডা: মো: এনামুল কবীর  
উপপরিচালক (রপটিন দায়িত্ব)  
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

তারিখ ও সময় : ২৬/০৯/২০২২; বেলা ১১:০০ ঘটিকা।

স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা।

উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।


মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের উপপরিচালক(রঃদা:) এবং শুদ্ধাচার সম্পর্কিত নৈতিকতা কমিটির সভাপতি ডা: মো: এনামুল কবীর এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের তথ্য কর্মকর্তা (মৎস্য) ও দপ্তরের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব সাজ্জাদ হোসেন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় যে সকল কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে সে সকল বিষয়ে আলোকপাত করেন। বিশেষত পরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো নিবিড়ভাবে সম্পাদনের জন্য বিভিন্ন শাখায় কর্মরত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ প্রদানের অনুরোধ করেন। সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণ আঞ্চলিক দপ্তর সমূহকে অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন এবং চলমান অর্থবছরের দপ্তরের কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রমসূহের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনপূর্বক মন্ত্রণালয়ের প্রেরণের লক্ষ্যে তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।

০২। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ বর্তমান অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের সময় যে নির্দেশনা প্রদান করেছে তার শতভাগ অনুসরণ করে দপ্তরের কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর সম্পাদিত কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি আরও জানান যে, কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে বিভিন্ন শাখার কর্মরত দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হবেন।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১।	এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২২) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে দৃশ্যমান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে বিভিন্ন শাখার কর্মরত দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হয়ে তদারকি নিশ্চিত করবেন।
৩।	কর্মপরিকল্পনার ২ নং ক্রমিকভুক্ত আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শাখা প্রাধান/দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
( ডা. মো. এনামুল কবীর )  
উপপরিচালক (রপটিন দায়িত্ব)

ও

সভাপতি






জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি  
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা।

## ‘পারিষ্কৃত-ক’

২৬/০৯/২০২২ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বিষয়ক ২০২২-২৩ এর নৈতিকতা কমিটির সভার উপস্থিতি।

সময়: সকাল ১১.০০ ঘটিকা

স্থান: সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

ক্র:নং	সম্মানিত উপস্থিতির নাম, পদবী ও কর্মস্থল	মোবাইল ও ই-মেইল	স্বাক্ষর
০১	ডাঃ মোঃ এনামুল কবীর উপপরিচালক (রুটিন দায়িত্ব) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	০১৭১২-৫৫১৩৪৩ fituanamul@gmail.com	 24/09/22
০২	সাজ্জাদ হোসেন তথ্য কর্মকর্তা (মৎস্য) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	০১৭১৫-১৭৭৭৯৮ sajjad_rk4@yahoo.com	 24/09/22
০৩	মেহেদী হাসান প্রকাশনা কর্মকর্তা মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	০১৭৩৩ ৫৭৪০৪৩ jumeheidi@gmail.com	 24/09/22
০৪	মোঃ সামছুল আলম গণযোগাযোগ কর্মকর্তা মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	০১৭৪৬৭৪৭১২০ alam4162@gmail.com	 26/09/22
০৫	আরিফুল ইসলাম সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	০১৭৪১৩৪৭৪০৭ sumon.ru77@gmail.com	 26.09.2022